

ময়ূরেশ্বর - ২ পঞ্চায়েত সমিতি
কোটাসুর, বীরভূম

বিজ্ঞপ্তি সংখ্যা :- ০১/২০১৭-২০১৮

তারিখ ১৩/০২/২০১৮

-: বিজ্ঞপ্তি :-

এতদ্বারা বিজ্ঞপ্তি করা যাইতেছে যে আগামী ইং ২৮/০২/২০১৮ তারিখে বেলা ২ টার সময় ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতির সত্যনারায়ন ভবনের নিচের কক্ষে সংরক্ষিত অব্যবহৃত লোহাসহ অন্যান্য জিনিস পত্র নিলাম ডাকের মাধ্যমে বিক্রি করা হইবে। উক্ত নিলাম ডাকে অংশ গ্রহন করতে যারা ইচ্ছুক তাদের উক্ত দিন এবং উক্ত সময়ে অত্র পঞ্চায়েত সমিতির কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হইতেছে।

শর্তাবলী :-

- ১। নিলাম ডাকের সরকারি ন্যূনতম ডাক হইল ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা মাত্র।
- ২। নিলাম ডাকের অংশ গ্রহন করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশের পর হইতে আগামী ইং ২৩/০২/২০১৮ তারিখের মধ্যে অত্র কার্যালয় চলাকালীন আবেদন করতে হবে (ছুটির দিন ব্যতীত) EPIC কার্ডের স্বাক্ষরিত জেরক্স সহ।
- ৩। নিলাম ডাকের অংশগ্রহনকারীদের মধ্যে সর্বোচ্চ ডাককারীকে ডাকের পূর্বে বায়না জমা হিসাবে ৪০০০/- (চার হাজার) টাকা নগদে জমা দিতে হবে।
- ৪। নিলাম ডাকে অংশগ্রহনকারীদের মধ্যে সর্বোচ্চ ডাককারীকে ডাকের দিনই সমস্ত টাকা অত্র পঞ্চায়েত সমিতিতে নগদে জমা করিতে হইবে। অন্যথায় ডাকে দ্বিতীয় স্থানাধিকারী সুযোগ পাইবেন। এক্ষেত্রে সর্বোচ্চ ডাককারীর কোন আপত্তি গ্রাহ্য হইবে না।
একইভাবে দ্বিতীয় স্থানাধিকারীকে ডাকের দিনই তাঁর ডাকের সমস্ত টাকা অত্র পঞ্চায়েত সমিতিতে নগদে জমা দিতে হইবে। অন্যথায় তৃতীয় স্থানাধিকারী সুযোগ পাইবেন। এক্ষেত্রে ডাকে দ্বিতীয় স্থানাধিকারীর কোন আপত্তি গ্রাহ্য হইবে না।
- নির্ধারিত সময়ের মধ্যে নিলাম ডাকের সমস্ত টাকা জমা না দিলে বায়নার টাকা বাজেয়াপ্ত করা হইবে।
- ৫। প্রতিটি ডাকের মধ্যে ন্যূনতম ১০০০/- (এক হাজার) টাকা এবং সর্বোচ্চ ৫০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যবধান থাকিতে হইবে।
- ৬। ডাকের দিন আবেদনকারীকে স্ব-শরীরে উপস্থিত হইয়া ডাকের জন্য সংরক্ষিত অব্যবহৃত লোহাসহ অন্যান্য জিনিসপত্রের পরিমাণ বিবেচনা করার পরই ডাক দেওয়ার জন্য অনুরোধ করা হইতেছে।
- ৭। কোন আবেদনকারীর ডাক একবার গৃহীত হইবার পর কোন অবস্থাতেই সেই ডাকের পরিমাণ কোন অবস্থাতেই পরিবর্তন করা হইবে না।
- ৮। অনিবার্য কারণবশত নিলাম ডাকের দিন, সময় ও স্থান পরিবর্তন করা হইতে পারে।
- ৯। সর্বোচ্চ দর বা যেকোন দর কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া গ্রহন বা বাতিল করিতে পারিবে।
- ১০। নিলাম ডাক চূড়ান্ত হইবার পর নিলামে অংশগ্রহনকারীদের কোন প্রকার দাবি দাওয়া, আবেদন, আপত্তি, নিবেদন, অভিযোগ কোন অবস্থাতেই গ্রাহ্য হইবে না।
- ১১। নিলাম ডাক চূড়ান্ত হইবার পর নিলাম ডাকের দিন হইতে আগামী ৭ (সাত) দিনের মধ্যে নিলাম সামগ্রী অত্র কার্যালয় হইতেই স্থানান্তরিত করিতে হইবে। এক্ষেত্রে কোন প্রকার খরচ নিলামকারী কর্তৃপক্ষ বহন করিবে না।
এক্ষেত্রে সফল অংশগ্রহনকারীকেই সমস্ত খরচ বহন করিতে হইবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মাল না লইলে কর্তৃপক্ষ পরবর্তীকালে নিলামকারীর কোনপ্রকার ক্ষতির দায় বহন করিবে না।

নির্বাহী আধিকারিক

ময়ূরেশ্বর - ২ পঞ্চায়েত সমিতি

কোটাসুর, বীরভূম

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল :-

- ১। সভাপতি, বীরভূম জেলা পরিষদ, সিউড়ি, বীরভূম
- ২। জেলা সমাহর্তা, বীরভূম জেলা, সিউড়ি, বীরভূম
- ৩। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, বীরভূম জেলা পরিষদ, সিউড়ি, বীরভূম
- ৪। মহকুমা শাসক, রামপুরহাট মহকুমা, রামপুরহাট, বীরভূম
- ৫। জেলা পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন আধিকারিক, বীরভূম জেলা
- ৬। জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, বীরভূম জেলা
- ৭। ডি.আই.ও, বীরভূম জেলা, মহাশয়কে জেলার ওয়েব সাইটে বিজ্ঞাপনটি প্রকাশ করার জন্য অনুরোধ জানাই।
- ৮। সেচ ও জলপথ দপ্তর, রামপুরহাট, বীরভূম
- ৯। সভাপতি, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম
- ১০। সহকারী সভাপতি, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম
- ১১। কর্মাধ্যক্ষ, খাদ্য ও সরবরাহ স্থায়ী সমিতি, বীরভূম জেলা পরিষদ, সিউড়ি, বীরভূম
- ১২। কর্মাধ্যক্ষ, সকল স্থায়ী সমিতি, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম
- ১৩। প্রধান, গ্রাম পঞ্চায়েত (সকল),
- ১৪। যুগ্ম নির্বাহী আধিকারিক, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম
- ১৫। কৃষি উন্নয়ন আধিকারিক, ময়ূরেশ্বর ২, কোটাসুর, বীরভূম
- ১৬। সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, ময়ূরেশ্বর ২, কোটাসুর, বীরভূম
- ১৭। প্রাথমিক স্বাস্থ্য আধিকারিক, ময়ূরেশ্বর ২, ষাটপলসা, বীরভূম
- ১৮। শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, ময়ূরেশ্বর ২, কোটাসুর, বীরভূম
- ১৯। ভারপ্রাপ্ত আধিকারিক, ময়ূরেশ্বর থানা, ময়ূরেশ্বর, বীরভূম
- ২০। বিদ্যালয় পরিদর্শক, ময়ূরেশ্বর চক্র, কোটাসুর, বীরভূম
- ২১। রক্ত প্রানী সম্পদ বিকাশ আধিকারিক, ময়ূরেশ্বর ২, কোটাসুর, বীরভূম
- ২২। রক্ত যুব আধিকারিক, ময়ূরেশ্বর ২, কোটাসুর, বীরভূম
- ২৩। এস.ডি.ও., ময়ূরেশ্বর ইরিগেশন, ময়ূরেশ্বর, বীরভূম
- ২৪। গাননিক ও মুখ্য করনিক, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম
- ২৫। কোষাধ্যক্ষ, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম
- ২৬। নোটিশ বোর্ড, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম

নির্বাহী আধিকারিক

ময়ূরেশ্বর - ২ পঞ্চায়েত সমিতি
কোটাসুর, বীরভূম